চুয়াডাঙ্গায় ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকে বহিষ্কারের প্রতিবাদে সাংবাদিক সন্মেলন

চুয়াডাঙ্গার নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক বহিষ্কারের প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবে সাংবাদিক সন্মেলন অনুষ্ঠিত হয়েছে।

সাংবাদিক সন্মেলনে নেহালপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক সামসুল হক লিখিত বক্তব্যে বলেন, আমরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ বুকে ধারণ করে উইনিয়ন আওয়ামী যুবলীককে সু-সংগঠিত করার লক্ষ্যে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছি এবং যুবলীগের সমস্থ কর্মকাণ্ডে অংশগ্রহণ করে তা প্রতিপালন করছি।

সেই সাথে চুয়াডাঙ্গা-২ আসনে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার মনোনীত নৌকার প্রার্থী হাজী আলী আজগার টগর মহদয়ের পক্ষে বর্তমান সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডের প্রচার প্রচারণা চালিয়ে যাচ্ছি। যা চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য অবগত আছেন। নৌকার পক্ষে কাজ করায় স্থানীয় বিভিন্ন পত্রিকা মারফত জানতে পারি আমাদের বিরুদ্ধে জমিদখল, চাঁদাবাজি, দখলদারিত্ব ও দলীয় শৃংখলা ভঙ্গের মনগড়া মিথ্যা ও ভিত্তীহিন অভিযোগ তুলে আমাদেরকে বহিষ্কার করা হয়েছে। যার কোন প্রমান বা সত্যতা নেই। অথচ ভিত্তিহীন অভিযোগ তুলে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার ও যুগ্ন আহবায়ক সামমুদ্দোহা মল্লিক হাসু ব্যাক্তি স্বার্থ ও উদ্দেশ্য প্রনোদিত হয়ে আমাদেরকে বহিষ্কার করেছেন। আমাদের একটিই অপরাধ চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় নৌকার পক্ষে কাজ করা। তাই আমরা বিষয়টি খুলনা বিভাগিয় যুবলীগের নেতৃবৃন্দকে অবহিত করলে তারা জানিয়েছেন, এটা উদ্দেশ্য প্রনোদিত ছাড়া আর কিছুই না। গত ০২/০১/২০২২ সালে গঠিত নেহালপুর ইউনিয়ন যুবলীগের কমিটি বৈধ্য। তাই আমরা সাংবাদিক সম্মেলনের মাধ্যমে কমিটি বিলুপ্তি ও বহিষ্কারদেশের তিব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন গড়াইটুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদুজ্জামান পলাশ, তিতুদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদ রেজাসহ নেহালপুর ইউনিয়ন যুবলীগের বিভিন্ন ওয়ার্ডের নেতৃবৃন্দসহ নেতা কর্মী ও সমর্থকেরা উপস্থিত ছিলেন।

কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের প্রস্তুতিসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে তরুন্যর জয়যাত্রা প্রোগাম সফল করার জন্য আজ রবিবার বিকাল ৪ টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের আয়োজনে ইউনিয়ন পরিষদ হলরুমে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কুড়ুলগাছি ইউনিয়ন সভাপতি দেলোয়ার হোসেন বিপু ‘র সভাপতিত্বে অনুষ্ঠানে এ সময় আরো উপস্থিত ছিলেন

সাধারণ সম্পাদক রিপন, সহ সভাপতি, আলমগীর,তারিকুল, সঞ্জয়, মামুন অর রশিদ,যুগ্ম সম্পাদক শিমুল, শেখ সুমন,সাংগঠনিক সম্পাদক মামুন, অর্থ সম্পাদক রবিউল ইসলাম, মুক্তিযোদ্ধা সম্পাদক, আবুল কালাম আজাদ, সহ সম্পাদক ওয়াজ,খালিদ,সদস্য, লাবলু, আলমগীর, বকুল, মাছুম, জসিম, সামাদ,আরিফ , খোকন, কালু প্রমুখ।